বৃক্ষ রোপণ ও বাঁচিয়ে রাখতে উদ্যোগ গ্রহণ ফরিদপুরের শামীমের

বিভিন্ন রাজনৈতিক সংগঠনের নেতাকর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষার কথা বলে মাঠে-ময়দানে মাঝে-মধ্যেই বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেন। সেই কর্মসূচি পালনের ছবি নানা পত্র-পত্রিকায়ও আসে।

ছবি ফলাও করে প্রচার হওয়ায় নেতাকর্মীরা তাদের রাজনৈতিক ফায়দা নিয়ে ঘরে ফেরেন ঠিকই কিন্ত ক‘দিনের মাথায়ই কর্মসূচিতে তাদের লাগানো গাছের চারা আর মাঠে-ময়দানে পাওয়া যায় না। ছাগল-গরুতে খেয়ে ফেলে। নেতাকর্মীরা সেদিকে ফিরেও আর তাকান না। এভাবেই বছরের পর বছর বৃক্ষরোপণ কর্মসূচি চলে। কিন্ত প্রকৃতিতে গাছের সংখ্যা আর বাড়ে না।

বৃক্ষরোপণ কর্মসূচি পালন এবং তাদেরকে যথাযথভাবে বাঁচিয়ে রাখতে এবার এগিয়ে এসেছেন আলমডাঙ্গার ফরিদপুর গ্রামের যুবক এসএম গোলাম সরোয়ার শামীম। তার গ্রামসহ পুরো বেলগাছি ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থানে ৫ হাজার নানা জাতের ফলজ ও বনজ গাছের চারা লাগানোর কর্মসূচি হাতে নিয়েছেন তিনি। একই সাথে গাছগুলোকে বাঁচিয়ে রাখতে প্রতিটি চারার সাথে একটি করে বাঁশের খাঁচা বানানোরও উদ্যেগ নিয়েছেন। এই বিশাল আয়োজনের কর্মসূচিতে শামীমের গ্রাম ফরিদপুরের যুবসমাজ ও মুরুব্বীরা তার সাথে রয়েছেন।

শনিবার বিকেলে ফরিদপুর খেলার মাঠে ৫ হাজার বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানেরও আয়োজন করেন গ্রামবাসী। ছাত্র-যুবকদের এই অসম্ভব সুন্দর আয়োজনে উপস্থিত ছিলেন গ্রামের অশীতিপর বৃদ্ধরাও।

ফরিদপুর গ্রামের রিকাত আলী মন্ডলের সভাপতিত্বে বৃক্ষরোপণ আয়োজনে প্রধান অতিথি ছিলেন গ্রামের অপর অশীতিপর বদর উদ্দিন বিশ্বাস ভাদু মন্ডল। বিশেষ অতিথি ছিলেন গ্রামের কৃতি সন্তান জগলুল আরেফিন, লিটন মিয়া, ডাক্তার সামসুজ্জামান, দাউদ আলী জোয়ার্দ্দার, আব্দুল মান্নান মন্ডল, মানোয়ার হোসেন মন্ডল, গিয়াসউদ্দিন মন্ডল, মওলা বক্স মন্ডল, মনিরুদ্দিন মন্ডল, পলান মন্ডল, সাদেক মন্ডল, রইস উদ্দিন শিল্পী, আনোয়ার হোসেনসহ গ্রামবাসী।

[redacted]

[redacted]

[redacted]

[

প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।

জীবননগর উপজেলা লোকমোর্চার আয়োজনে গতকাল বৃহস্পতিবার সকাল থেকে বিকাল পর্যন্ত এক দিন ব্যাপী ওর্য়াড পর্যায়ে কমিউনিটি গ্রুপের সদস্যদের নেতৃত্ব বিকাশ ও এ্যাডভোকেসি বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি ও উথলী ইউপি চেয়ারম্যান আবুল কালাম আযাদ, জীবননগর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু ।

এছাড়াও কমিউনিটি গ্রুপের সভাপতি মফিুজুল ইসলাম, ইউনুস আলী, নিজামুল হক, নজরুল ইসলাম, লাভলী খাতুন ও আরিফ হোসেন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সেশন পরিচালনা করেন লোমর্চোর প্রকল্প সমন্বয়কারী আব্দুল আলীম সজল। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন প্রকল্প কর্মকর্তা মাহমুদুর রহমান আকাশ।

দর্শনায় স্বপ্নের বাড়ি করে মহিউদ্দিন তার পরিবার নিয়ে চরম বিপাকে

স্বপ্নের বাড়ি করে মহিউদ্দিন তার পরিবার নিয়ে চরম বিপাকে পড়েছে।

সুবিচার পাওয়ার জন্য গতকাল বৃহস্পতিবার মৃত তনু মল্লিকের ছেলে মধুর বিরুদ্ধে অবশেষে দর্শনা পৌর মেয়র বরাবর আবেদন করলেন মহিউদ্দিন।

দর্শনা পৌরসভার ৯নং ওয়ার্ডের আজিমপুর স-মিল পাড়ায় জাহাঙ্গীর আলমের নিকট থেকে মহিউদ্দিন গত দুই বছর আগে ১০লাখ টাকার ৪কাঠা ক্রয় করে। শ্যামপুর মৌজা, খতিয়ান নং-৭৮২, হোল্ডিং নং-২০৪০। এর মধ্যে ৩কাঠা জমির উপর দুই-তলা বাড়ি নিমার্ণ করেন।

এ পর্যন্ত সব কিছু ঠিক ঠাক ছিলো। বাড়ির সামনে প্রায় ১৩/১৪ ফিট রাস্তাও আছে। গত ১০/০৮/২০২০ তারিখে শ্যামপুর গ্রামের মৃত তনু মল্লিক এর ছেলে দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট ঐ রাস্তার জমি তার পৈত্রিক সম্পত্তি দাবী করে মহি উদ্দিনের ঘর থেকে বের হওয়ার পথে বাঁশের রেলিং করে ঘিরে দেয়।

ফলে মৃত আবুল কাশেমের ছেলে মহিউদ্দিন তার স্ত্রী ও দুই সন্তান বাড়ি থেকে বের হতে কষ্ট পোহাতে হচ্ছে বলে মহিউদ্দিন জানান। এছাড়া পরিবার পরিজন নিয়ে অতংকের মধ্যে দিন কাঠাচ্ছে।

তিনি আরো দাবী করেন তাকে নানা ধরণের হুমকি-ধামকি দিচ্ছে। এ বিষয়ে যুবলীগ নেতা আব্দুল হান্নান ছোটর নিকট মহির বাড়ি ঘিরে দেওয়ার বিষয় জানতে চাইলে তিনি বলেন, আমার পৈত্রিক সম্পতি আমার জমি দিয়ে তো কাউকে যেতে দেব না। আমাদের জমি আমরা ঘিরে নিয়েছি।

এদিকে মহিউদ্দিন মানবধিকার কর্মী ও সংশ্লিষ্ট কতৃপক্ষের নিকট নিরাপত্তা চেয়ে সমস্যর সমাধন করে শান্তিপূর্ণভাবে যাতে বসবাস করতে পারে সেই দাবী করেছেন।

দর্শনার আদিবাসী পাড়ায় ৩দিন ব্যাপী মনসা পূজা অনুষ্ঠিত হচ্ছে

দর্শনার আদিবাসী পাড়ায় ৩দিন ব্যাপী মনসা পূজা অনুষ্ঠিত হচ্ছে। এ মনসা পূজা উপলক্ষে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

এর মধ্যে মদনা গ্রামের মজিবার ও তার দল এবং সদাবরী গ্রামের একতা সংর্ঘের সোহেল রানার দলের মধ্যে দিন ব্যাপী ঝাপান গানের পাল অনুষ্ঠিত হয়।

পূজা কমিটির সভাপতি শংকর মন্ডল ও শ্যামল কুমার জানান, বিট্রিশ আমল থেকে আমাদের বাপ-দাদারা এ আদিবাসী পাড়ায় মনসা পূজা করে আসাছে।

এবছর আদিবাসী পূজা কমিটির ও ওয়েভ ফাউন্ডেশনের সহযোগিতায় মনসা পূজা পালিত হচ্ছে।

জীবননগরে বাঁশের সাঁকো নির্মানের উদ্বোধন

জীবননগরে সেচ্ছা শ্রমে মিত্রতা বাঁশের সাঁকো নির্মান কাজের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর সেচ্ছাসেবী সংগঠন ইয়ুথ এ্যাসেম্বলীর এর আয়োজনে জীবননগর পৌর শহরের ৭নং ওর্য়াড দত্তনগর রোডে স্বেচ্ছা শ্রমে মিত্রতা নামের বাঁশের সাঁকো নির্মান কাজের উদ্বোধন করা হয়।

ইয়ুথ এ্যাসেম্বলী জীবননগর শাখার সভাপতি মিথুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে সাঁকো নির্মান কাজের উদ্ভোধন করেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান ।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকন,জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম,ওয়েভ ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেন,মাই টিভির সিনিয়ার রিপোর্টার এস কে লিটন,

জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর থানার ওসি তদন্ত ফেরদৌস ওয়াহিদ,জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক আসমা আক্তার,ওয়েভ ফাউন্ডেশনের উপ-সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ,সমন্বয়কারী মুকুল হোসেন,আঃ সালাম,আশরাফুল ইসলাম,আশাদুজ্জামান লিটন,ইয়ুথ এ্যাসেম্বলীর এর সদস্য লাবনী,তুহিন,সাদিয়া,নিশান,রমজান,সম্রাট,শিলা,ওমর,জাহিদ,মুসা,স্বর্ণা প্রমুখ।

দর্শনা অনিবার্ণ থিয়েটার নতুন নাটকের যাত্রা শুরু

দর্শনার অনিবার্ণ থিয়েটারে নতুন নাটকের আনুষ্ঠানিক ভাবে ৪৪তম প্রযোজনা যাত্রা শুরু হয়েছে।

গতকাল মঙ্গলবার সন্ধ্যায় রবীন্দ্রনাথ ঠাকুরের দুই বিঘা জমি কবিতা অবল্বনে নাট্যজন আনোয়ার হোসেন এর নাট্যরূপ ও নিদের্শনায় এ নাটকের যাত্রা শুরু হলো ।

অনিবার্ণ থিয়েটার এর নতুন নাটকের আনুষ্ঠানিক ভাবে ৪৪তম প্রজোজনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অনিবার্ণ থিয়েটারের সভাপতি ফজলুল হক, সাধারণ সম্পাদক ও নতুন প্রযোজনার নির্দেশক ও রূপকার আনোয়ার হোসেন, সহ-সম্পাদক হসমত কবির, মাহাবুবুর রহমান মুকুল, অর্থ সম্পাদক কবিরুল হক লিপু, অনুষ্ঠান সম্পাদক ইসরাইল হোসেন খান টিটো,নিবার্হী সদস্য আওয়াল হোসেন, সাজ্জাদ হোসেন ও অনিবার্ণ থিয়েটারের এক ঝাঁক তরুণ-তরণী।

আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় আইয়ুব হোসেন (৫০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যার আগে আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া নামক স্থানে ওই সড়ক দুর্ঘটনা ঘটে। এতে সাইকেলারোহী আইয়ুব হোসেন গুরুতর আহত হন। পুলিশ লরিটি উদ্ধার করে থানায় নিয়েছে।

নিহত আইয়ুব হোসেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমবাড়িয়া গ্রামের

মৃত গারেস আলীর ছেলে। আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে বাড়ি ফিরছিলেন।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার সন্ধ্যার আগে আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে আমবাড়িয়ায় তার বাড়ি ফিরছিলেন। তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া গ্রামের কাছাকাছি হলে কুষ্টিয়া থেকে আসা ব্রিটিশ টোবাকো’র তামাকবাহি একটি লরি তাকে চাপা দেয়।

এ সময় তিনি সাইকেল থেকে ছিটকে গাড়ির নিচে পড়ে যান। এতে তিনি গুরুতর আহত হন। অবস্থা বেগতিক দেখে গাড়ির চালক গাড়ি রেখে দ্রুত পালিয়ে যায়। স্থানীয়রা আইয়ুব হোসেনকে উদ্ধার করে হারদী হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

থানার এসআই সফিকুল ইসলাম জানান, ঘাতক লরিটি থানায় নেওয়া হয়েছে। চালক পালিয়ে গেছে। দুর্ঘটনায় নিহত আইয়ুব হোসেনের লাশ হাসপাতাল থেকে থানায় নেওয়া হয়েছে। তিনি বলেন, নিহতের পরিবারের মতামত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

আলমডাঙ্গায় আবারও পেঁয়াজের বাজারে আগুন, কেজি ১০০ টাকা

আলমডাঙ্গার কাঁচা বাজারে তরিতরকারী ও মরিচের পর হঠাৎ করেই আগুন লেগেছে পেঁয়াজে। মঙ্গলবার সকালে কাঁচা বাজারে সবজি কিনতে গিয়ে পেঁয়াজের ঝাজে ক্রেতাদের অনেকেরই চোখ দিয়ে জল গড়িয়েছে। ৫০ টাকা কেজির পেঁয়াজ রাত পেরুতেই হয়ে গেছে ১০০ টাকা। যে কোন ধরনের সবজি ও কাঁচা মরিচের আকাশ ছোঁয়া দামের কারণে এমনিতেই মানুষের নাভিশ্বাস উঠেছে। এরপর একদিনেই পেঁয়াজের দ্বিগুন মূল্য বৃদ্ধিতে মানুষের দম বন্ধ হওয়ার উপক্রম হয়েছে।

জানা গেছে, গত সোমবার আলমডাঙ্গার পাইকারি বাজারে পেঁয়াজের কেজি ছিল প্রকারভেদে ৫০ থেকে ৫৫ টাকা। খুচরা বিক্রেতারা তা বিক্রি করেছেন ৬০ টাকা কেজি দরে। কিন্ত সোমবার রাতে ভারত বাংলাদেশে

পেঁয়াজ রপ্তানি বন্ধ করে দেওয়ার খবর প্রচার হলে পরদিন মঙ্গলবার সকালেই ৫০ টাকা কেজির পেঁয়াজের দাম বেড়ে হয়ে যায় ১০০ টাকা। আড়তদাররা নিজেরা সকাল থেকেই দাম বাড়িয়ে দেয়। আড়তে থাকা আগের দিনের বস্তা বস্তা পেঁয়াজও একই দামে বিক্রি করা হয়। তবে বেলা বাড়ার সাথে সাথে আড়তদাররা কুষ্টিয়ার অন্যান্য বাজারের সাথে যোগাযোগ করে কিছুটা কমে বিক্রি শুরু করে। এ ক্ষেত্রে খুচরা বিক্রেতারা পেঁয়াজের কেজি বিক্রি করে ৯০ টাকা দরে।

ব্যাগ হাতে বাজারে আসা ক্রেতা হাফিজুর রহমান ক্লেদাক্ত কণ্ঠে বলেন, ৪০ টাকা কেজির নিচে কোন তরকারী নেই। কাঁচা মরিচের কেজি ১৫০ টাকা। পেঁয়াজ ১০০ টাকা। সাধারণ মানুষের আয় তো বাড়েনি। করোনার জেরে আয় আরও কমেছে। কিভাবে ছেলে-মেয়ে নিয়ে সংসার চালাব?

মহিলা ক্রেতা নাসিমা বেগম বলেন, কোন তরকারীর দাম কম নয়। সবই ৪০ থেকে ৬০ টাকা কেজি। আমাদের মত সাধারণ মানুষের খেয়ে বাঁচার পরিস্থিতি নেই।

খুচরা বিক্রেতা জামান বলেন, সোমবারে পেঁয়াজের কেজি ছিল ৫৫ থেকে ৬০ টাকা। মঙ্গলবার সকালে প্রথমদিকে পেঁয়াজের কেজি ১০০ টাকায় বিক্রি হয়।

পরে আবার কমিয়ে ৯০ টাকা দরে বিক্রি করা হয়। ভারত বাংলাদেশে পেঁয়াজের রপ্তানি বন্ধ করে দেওয়ায় দেশের বাজারে অস্থিরতা দেখা দিয়েছে বলে তিনি জানান। এই সুযোগে এক শ্রেনীর আড়তদার সিন্ডিকেটের মাধ্যমে দাম বৃদ্ধির পায়তারা করছে বলেও জানান তিনি।

দর্শনার কেরু উচ্চ বিদ্যালয়ে বিজ্ঞান বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা

চুয়াডাঙ্গা জেলার দর্শনার কেরু উচ্চ বিদ্যালয় মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠানে অংশগ্রহন করে

প্রথম স্থান অধিকার করেছে ।

গতকাল মঙ্গলবার দুপুরে দামুড়হুদা উপজেলা পরিষদ সভাকক্ষে অনলাইন কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বিজ্ঞান বিষয়ক অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২০ অনুষ্ঠানটির আয়োজন করেন উপজেলা প্রশাসন ।

দামুড়হুদা উপজেলায় মাধ্যমিক পর্যায়ের বিজ্ঞান বিষয়ক অনলাইন কুইজ ২০২০ প্রতিযোগিতায় দর্শনার কেরু উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী লাবিব, নির্ঝর ও ফাহিম শাহরিয়ার অংশগ্রহণ করে প্রথম স্থান অধিকার করে ।

উক্ত কুইজে প্রথম স্থান অধিকার করায় তাদের হাতে পুরস্কার তুলে দেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপস্থিত ছিলেন মোঃ আব্দুল মতিন (উপজেলা শিক্ষা অফিসার), মোঃ আব্দুল কাদের (সহকারী প্রোগ্রামার, ব্যানবেইজ), মোঃ রাফিজুল ইসলাম (সহকারি পরিদর্শক), মোঃ আরিফুল ইসলাম (উপজেলা সহকারি প্রোগ্রামার), কেরু উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নুরুল ইসলাম সহ অন্যন্য কর্মকর্তারা।

অনুষ্ঠানটির তত্ত্বাবধান ও পৃষ্ঠপোষকতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ঢাকা।